**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ২৯

তারিখ: আশ্বিন ০৫, ১৪২৮ / সেপ্টেম্বর ২০, ২০২১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

২০২১-২০২২ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।

দেশের রপ্তানি বাণিজ্য উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০২১-২০২২ অর্থবছরে জুলাই ০১, ২০২১ থেকে জুন ৩০, ২০২২ তারিখ পর্যন্ত জাহাজীকৃত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এক্ষেত্রে এফই সার্কুলার নং ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এবং এফই সার্কুলার নং ৩৯, তারিখ সেপ্টেম্বর ২১, ২০২০ এ উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে বিদ্যমান হারে ২০২১-২০২২ অর্থবছরেও আলোচ্য সুবিধা (তালিকা সংযুক্ত) বহাল থাকবে।

২। বিশেষায়িত অঞ্চলে (বেজা, বেপজা ও হাইটেক পার্ক) অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা সুবিধা -

(ক) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত টাইপ-সি (শতভাগ দেশিয় মালিকানাধীন) শিল্প প্রতিষ্ঠানের জন্য সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ এবং প্রক্রিয়াজাত কৃষিপণ্য; বাংলাদেশ হাই-টেক পার্কে অবস্থিত টাইপ-সি শিল্প প্রতিষ্ঠানের জন্য সফটওয়্যার, আইটিইএস ও হার্ডওয়্যার; বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত টাইপ-সি শিল্প প্রতিষ্ঠানের জন্য বস্ত্রখাতে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা; এবং ইইউ, আমেরিকা ও কানাডায় রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত টাইপ-সি প্রতিষ্ঠানের জন্য তৈরি পোশাক খাতে বিশেষ সহায়তা অব্যাহত থাকবে।

(খ) বিশেষায়িত অঞ্চলের টাইপ-এ (শতভাগ বিদেশি মালিকানাধীন) ও টাইপ-বি (দেশি-বিদেশি যৌথ মালিকানাধীন) প্রতিষ্ঠানের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানির বিপরীতে ৪% হারে রপ্তানি প্রণোদনা প্রযোজ্য হবে।

(গ) উপরিউক্ত (ক) উপঅনুচ্ছেদে উল্লিখিত টাইপ-সি প্রতিষ্ঠান ও (খ) উপঅনুচ্ছেদে উল্লিখিত টাইপ-এ ও টাইপ-বি প্রতিষ্ঠানের অনুকূলে প্রযোজ্য সুবিধা ব্যতীত বিশেষায়িত অঞ্চলের সকল ক্যাটাগরিভুক্ত প্রতিষ্ঠান দেশের বাইরে অন্যান্য পণ্য রপ্তানির ক্ষেত্রে ১% হারে রপ্তানি প্রণোদনা পাবে। এক্ষেত্রে আবেদনপত্র দাখিল প্রক্রিয়া বিষয়ে পৃথক সার্কুলার জারির পর রপ্তানি প্রণোদনার আবেদনপত্র দাখিল করা যাবে।

৩। সফটওয়্যার ও আইটিইএস সেবা রপ্তানির বিপরীতে ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের জন্য এফই সার্কুলার নং ০৩, তারিখ ফেব্রুয়ারি ০৮, ২০১৮ এর আওতায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ৪% হারে রপ্তানি ভর্তুকি প্রযোজ্য হবে-

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ স্বীকৃত অনলাইন মার্কেট প্লেস থেকে অর্জিত আয় দেশে প্রত্যাবাসন নিশ্চিত হয়ে ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের রপ্তানি ভর্তুকি প্রদান করতে হবে;

(খ) বাণিজ্য মন্ত্রণালয় অনুমোদিত সংশ্লিষ্ট রপ্তানিকারক এসোসিয়েশন ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের রপ্তানি ভর্তুকির আবেদন প্রত্যয়ন করবে। রপ্তানিকারক এসোসিয়েশনের অবর্তমানে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের রপ্তানি ভর্তুকি আবেদন প্রত্যয়ন করবে;

(গ) রপ্তানি মূল্য প্রত্যাবাসনের ৩৬০ দিনের মধ্যে রপ্তানি ভর্তুকির আবেদন দাখিল করা যাবে এবং কোনো একক ব্যক্তি অর্থবছর ভিত্তিক সকল প্রত্যাবাসিত আয়ের বিপরীতে একটি/একাধিক আবেদন দাখিল করতে পারবে। এক্ষেত্রে নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষার প্রচলিত ব্যবস্থা প্রযোজ্য হবে;

(ঘ) আবেদনকারী ফ্রিল্যান্সারদের সরকার প্রদত্ত রেজিস্টার্ড ফ্রিল্যান্সার আইডি কার্ড থাকতে হবে।

৪। চলতি ২০২১-২০২২ অর্থবছরে নিম্নোক্ত রপ্তানি পণ্যে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১ | দেশে উৎপাদিত চা | ৪% |
| ২ | দেশে উৎপাদিত বাইসাইকেল ও এর পার্টস | ৪% |
| ৩ | দেশে উৎপাদিত MS Steel Products | ৪% |
| ৪ | দেশে উৎপাদিত সিমেন্ট শিট | ৪% |

উপরিউক্ত ৪ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত পণ্যের রপ্তানি খাতে সার্কুলার জারির পর রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র দাখিল করা যাবে।

৫। ফ্লোট গ্লাস শিট, ওপাল গ্লাসওয়্যার, কাস্ট আয়রন ও অ্যালুমিনিয়াম ইঞ্জিনিয়ারিং পণ্য হাল্কা প্রকৌশল পণ্য খাতের আওতায় রপ্তানি ভর্তুকির জন্য বিবেচিত হবে।

৬। উচ্চ প্রযুক্তি সম্পন্ন পণ্য (কম্প্রেসার) এবং HCFC মুক্ত রেফ্রিজারেটর ইলেক্ট্রনিক পণ্য হিসেবে কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স খাতের আওতায় রপ্তানি ভর্তুকি প্রাপ্য হবে।

৭। প্রযোজ্য সকলখাতে নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি/রপ্তানি প্রণোদনা প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানির বিপরীতে ন্যূনতম ৩০% দেশিয় মূল্য সংযোজন থাকতে হবে। সংশ্লিষ্ট খাতে স্থানীয় মূল্য সংযোজনের মাত্রা নির্ণয়ের বিষয়ে নির্দেশনার অবর্তমানে নীট এফওবি রপ্তানি মূল্য থেকে উৎপাদনে ব্যবহৃত আমদানি অংশ বাদ দিয়ে স্থানীয় মূল্য সংযোজনের মাত্রা পৃথক শিটে নির্ণয়পূর্বক তা আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে এফই সার্কুলার নং ২৪, তারিখ সেপ্টেম্বর ২০, ২০১৬; এফই সার্কুলার নং ৩১, তারিখ আগস্ট ১৭, ২০১৭ ও এফই সার্কুলার নং ৩৫, তারিখ সেপ্টেম্বর ২২, ২০১৯ এ বর্ণিত প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : পরিশিষ্ট ‘ক’

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩

অনুচ্ছেদ ১, এফই সার্কুলার নম্বর ২৯/২০২১ দ্রষ্টব্য

পরিশিষ্ট -‘ক’

## রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তাভুক্ত পণ্য/খাত এর তালিকা

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১ | রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ৪.০০% |
| ২ | রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা | ৪.০০% |
| ৩ | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত) | ৪.০০% |
| ৪ | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ২.০০% |
| ৫ | তৈরী পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা | ১.০০% |
| ৬ | কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৭ | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৮ | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি ঃ<br>ক) বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br><br>(পাট আইন ২০১৭ তে উল্লিখিত বৈচিত্রকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>২০.০০%<br>১২.০০%<br>৭.০০% |
| ৯ | Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১০ | ১০০% হালাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১১ | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা ঃ<br>(ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40%<br>(খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40% | <br><br>১০.০০%<br>৯.০০%<br>৮.০০%<br>৭.০০%<br><br>৫.০০%<br>৪.০০%<br>৩.০০%<br>২.০০% |
| ১২ | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা<br>(সিলিং সীমা পূর্বের ন্যায় বহাল থাকবে) | ১৫.০০% |
| ১৩ | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এরূপ কারখানাসমূহে উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৪ | আলু রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ১৫ | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৬ | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৭ | শস্য ও শাক সব্জি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৮ | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৯ | অ্যাকুমুলেটর ব্যাটারী (HS Code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২০ | সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২১ | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |

অনুচ্ছেদ ১, এফই সার্কুলার নম্বর ২৯/২০২১ দ্রষ্টব্য

পরিশিষ্ট -‘ক’

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ২২ | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৩ | বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৪ | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৫ | ফার্মাসিউটিক্যালস পণ্য (মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances সহ) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৬ | হাতে তৈরী পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি) রপ্তানি খাতে নগদ সহায়তা | ১০.০০% |
| ২৭ | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৮ | (ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(খ) পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(পেট বোতল-ফ্লেক্স খাতের জন্য বিদ্যমান সার্কুলারগুলোর আওতায় পরিশোধযোগ্য) | ১০.০০%<br>১০.০০% |
| ২৯ | Photovoltaic Module রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩০ | মোটর সাইকেল রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩১ | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড, কস্টিক সোডা এবং হাইড্রোজেন পারঅক্সাইড) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩২ | রেজার ও রেজার ব্লেডস্ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৩ | সিরামিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৪ | টুপি রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৫ | কাঁকড়া ও কুঁচে (জীবন্ত, হিমায়িত ও সফটসেল) রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৬ | Galvanized Sheet/Coils (Coated with Zinc, Coated with Almunium ও Zinc এবং Color Coated) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৭ | কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৮ | চাল রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |